গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০১১.২৫-৩৪৫২

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

**বিষয়: ভ্রমণ বিবরণীর তথ্য সঠিকভাবে উপস্থাপন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণ ছুটি/বৈদেশিক সভা/সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রশিক্ষণসহ অন্যান্য পেশাগত দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করেন। লক্ষ্য করা যাচ্ছে যে, আবেদনকারীগণ দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রে বিগত ০১ (এক) বছরের বিদেশ ভ্রমণ বিবরণীর (Travel History) তথ্য সঠিকভাবে (ভ্রমণের তারিখ, দেশ, উদ্দেশ্য, সফরের মেয়াদ) প্রদান করছেন না। ফলে, আবেদন যাচাই-বাছাই, তথ্য-উপাত্তের সত্যতা নিরূপণ, নথি নিষ্পত্তি এবং সংশ্লিষ্ট প্রশাসনিক কার্যক্রম সম্পাদনে জটিলতা ও বিলম্ব সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত আবেদনপত্রে বিগত ০১ (এক) বছরের বিদেশ ভ্রমণ বিবরণীর তথ্য যথাযথ, পূর্ণাঙ্গ ও নির্ভুলভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮.০৭.২০২৬
সুজিৎ দেবনাথ
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণ:
১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৪. পরিচালক/অধ্যক্ষ (সকল)......................................................
৫. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)............................................
৬. সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)........................................
৭. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা (মাঠ পর্যায়ের সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৮. সচিব, ফার্মেসী কাউন্সিল, স্বাস্থ্য সেবা বিভাগ।
৯. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, স্বাস্থ্য সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)..........................................................

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০১১.২৫-৩৪৫২/১(৩)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

অনুলিপি :
১. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সুজিৎ দেবনাথ
উপসচিব